# আল-মা'আরিজ | Al-Ma'arij | اَلْمَعَارِج

আয়াতঃ ৭০ : ৩

## আরবি মূল আয়াত:

مِّنَ اللّٰهِ ذِی الۡمَعَارِجِ ؕ﴿۳﴾

## অনুবাদসমূহ:

উর্ধ্বারোহণের সোপানসমূহের অধিকারী আল্লাহর পক্ষ থেকে, — আল-বায়ান

(যে শাস্তি আসবে) আল্লাহর নিকট হতে যিনি আসমানে উঠার সিঁড়িগুলোর মালিক, — তাইসিরুল

ইহা আসবে আল্লাহর নিকট হতে যিনি সমুচ্চ মর্যাদার অধিকারী। — মুজিবুর রহমান

[It is] from Allah, owner of the ways of ascent. — Sahih International

### ৩. এটা আসবে আল্লাহর কাছ থেকে, যিনি উর্ধ্বারোহনের সোপানসমূহের অধিকারী।(১)

(১) আয়াতে আল্লাহ তা'আলার বিশেষণ (ذِي الْمَعَارِجِ) অর্থ যিনি সুউচ্চ স্থানে আরশের উপর আছেন; উচ্চতার অধিকারী, আবার ক্ষমতা, সম্মতি প্রতিপত্তির দিক দিয়েও তিনি সবার উপরে। তার কাছে কোন কিছু পৌঁছার জন্য উপরের দিকেই যায়। [সা’দী]

তাফসীরে জাকারিয়া

### (৩) এটা আসবে আল্লাহর নিকট হতে যিনি সোপান-শ্রেণীর অধিকারী। [1]

[1] (সোপান বা সিড়িসমূহ বলতে সাত আসমানকে বুঝানো হয়েছে।) অথবা আয়াতের অর্থঃ বহু মর্যাদা ও মহত্ত্বের অধিকারী, যাঁর দিকে ফিরিশতাগণ আরোহণ করেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5378

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন